গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
তদন্ত ও শৃঙ্খলা শাখা
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৩০০.২৭.০২৬.২৬-১৬৫ তারিখ: ১০ বৈশাখ ১৪৩৩ / ২৩ এপ্রিল ২০২৬

## আদেশ

যেহেতু, জনাব মোছাঃ রেকসনা পারভীন, হিসাব সহকারী, উপজেলা শিক্ষা অফিস, শার্শা, যশোর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) উপবিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে ০৩/০৩/২০২৬ তারিখে বিভাগীয় মামলা (৩য় শ্রেণী/বিমা-০৪/২৬/৮২) রুজুপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মচারী লিখিত জবাব দাখিল করেন এবং তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) অনুযায়ী "বেতন বৃদ্ধি স্থগিত রাখা" অর্থাৎ তার ০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ জুলাই ২০২৬ হতে ৩০ জুন ২০২৭ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য স্থগিত রাখা লঘুদন্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

এক্ষণে, জনাব মোছাঃ রেকসনা পারভীন, হিসাব সহকারী, উপজেলা শিক্ষা অফিস, শার্শা, যশোরকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) অনুযায়ী "বেতন বৃদ্ধি স্থগিত রাখা" অর্থাৎ তার ০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ জুলাই ২০২৬ হতে ৩০ জুন ২০২৭ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য স্থগিত রাখা লঘুদন্ড প্রদান করা হলো। উক্ত স্থগিতকৃত বেতন পরবর্তীতে তিনি বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

আবু নূর মোঃ শামসুজ্জামান
মহাপরিচালক
টেলিফোন: ০২-৫৫০৭৪৭৭৭
ই-মেইল: dgprimarybd@gmail.com

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৩০০.২৭.০২৬.২৬-১৬৬(১০) তারিখ: ১০ বৈশাখ ১৪৩৩ / ২৩ এপ্রিল ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো:

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
৪. জনাব শেখ সাইদুর রহমান, অপারেশন ম্যানেজার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, যশোর।
৬. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, শার্শা, যশোর।
৭. উপজেলা হিসাব রক্ষণ অফিসার, শার্শা, যশোর।
৮. জনাব মোছাঃ রেকসনা পারভীন, হিসাব সহকারী, উপজেলা শিক্ষা অফিস, শার্শা, যশোর
৯. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সংরক্ষণ নথি।

২৩/০৪/২৬
মোঃ আব্দুস সালাম
উপপরিচালক (চ:দা:)
ফোন: ৫৫০৭৪৯৩৫
Email.
Inquirycelldpe@gmail.com